



বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

“বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে”

স্থাপিত - ১৯৮৪



বিজ্ঞপ্তি নং-৪৯.০২.০০০০.০০০.০১.০০১.২৬/২৭০৫

তারিখ: ২২.০৬.২০২৬

সরকারিভাবে জর্ডানে গার্মেন্টস-এ দক্ষ মহিলা কর্মী নিয়োগে সরাসরি সাক্ষাৎকার

বোয়েসেল-এর মাধ্যমে জর্ডানের HI-TECH TEXTILE L.L.C.-এর অধীনে নিম্নবর্ণিত পদে দক্ষ মহিলা কর্মী নিয়োগ করা হবে :

ক্র. নং	পদের নাম	পদের সংখ্যা	শিক্ষণত যোগ্যতা/ অভিজ্ঞতা	মাসিক বেতন
০১.	Machine Operator (মেশিন অপারেটর)	৫০ জন মহিলা	সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকতে হবে (DNLS, SNCS, SNLS/Over lock, F/L 5TOL, SNAP, F/L, B/H, PF 3568, FOA, Bar Tack, Kansai, V.B.M 2650) উক্ত মেশিনের কাজ জানা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে	১৮৩.৬২ ইউ.এস. ডলার
০২.	Checker (চেকার)	১০ জন মহিলা		

প্রার্থীর বয়স ২০-৩৫ বছরের মধ্যে হতে হবে। ইন্টারভিউয়ের সময় সংশ্লিষ্ট কাজের ৩-৪ মিনিটের ভিডিও সাথে নিয়ে আসতে হবে।

চাকরির শর্তাবলি:

- (১) দৈনিক ০৮ (আট) ঘন্টা ডিউটি, সপ্তাহে ০৬ (ছয়) দিন এবং ওভারটাইম।
- (২) চাকরির চুক্তি ০৩ (তিন) বছর।
- (৩) নিয়োগকর্তা কর্তৃক থাকা, খাওয়া ও প্রাথমিক চিকিৎসা এবং যাতায়াত ব্যবস্থা করা হবে।
- (৪) চাকরিতে যোগদানের বিমান ভাড়া এবং তিন বছর চাকরি শেষে দেশে ফেরত আসার বিমান ভাড়া (৩ বছরের চুক্তি সম্পন্ন করার পর) নিয়োগকর্তা বহন করবে।
- (৫) যাদের বিরুদ্ধে দেশে বা জর্ডানে কোনো মামলা আছে, তারা নিয়োগের অনুপযুক্ত বলিয়া গণ্য হবেন।
- (৬) অন্যান্য শর্ত জর্ডানের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

বোয়েসেল-এর সার্ভিস চার্জ ও অন্যান্য খরচ:

নির্বাচিত কর্মীদের বোয়েসেল-এর সার্ভিস চার্জ, বর্হি:গমন ট্যাক্স, ১৫% ভ্যাট, বোয়েসেল-এর রেজিস্ট্রেশন ফি, স্মার্টকার্ড ফি এবং ওয়েজ আর্নাস কল্যাণ ফি বাবদ সমুদয় খরচ জর্ডানের নিয়োগকারী প্রতিষ্ঠান বহন করবে। তবে মেডিকেল ফি ১০০০ টাকা, পিডিও প্রশিক্ষণ ফি ৩০৫ টাকা ও ফিজিয়ার প্রিন্ট ফি ২২০ টাকা নির্বাচিত কর্মীদের বহন করতে হবে।

সাক্ষাৎকারের সময় যা অবশ্যই সঙ্গে আনতে হবে:

- (১) জীবন বৃত্তান্তসহ ০৪ কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি (ব্যাক গ্রাউন্ড সাদা),
- (২) মূল পাসপোর্ট, একাধিক পাসপোর্ট থাকলে অবশ্যই সঙ্গে নিয়ে আসতে হবে ও মূল পাসপোর্টের ছবিযুক্ত অংশের ০৫ সেট রঙিন ফটোকপি,
- (৩) বর্তমানে অফিসের পরিচয়পত্র/হাজিরা কার্ড, কর্মস্থলের অভিজ্ঞতার সনদ, শিক্ষাগত সনদ, ভোটার আইডি কার্ডের কপি,

উল্লিখিত কাগজপত্র সাথে নিয়ে আবেদনকৃত আগ্রহী প্রার্থীদের আগামী ২৬.০৬.২০২৬ তারিখ, রোজ শুক্রবার, সকাল ০৮:০০ ঘটিকার মধ্যে সাক্ষাৎকার/টেস্ট প্রদানের জন্য মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, দারুস-সালাম রোড, মিরপুর, ঢাকা-১২১৬, এ উপস্থিত থাকার অনুরোধ করা হলো। এ সংক্রান্ত কোন তথ্যের জন্য ০২-৪৮৩১৯১২৫, ০২-৪৮৩১৭৫১৫ ও ০২-৫৮৩১১৮৩৮ টেলিফোন নম্বরে যোগাযোগ করা যেতে পারে। এছাড়াও প্রবাসবন্ধু কল সেন্টার ১৬১৩৫ তে যোগাযোগ করা যেতে পারে।

বি.দ্র.: অনলাইনে আবেদন আপনাকে ইন্টারভিউতে অংশগ্রহণের সুযোগ তৈরি করে দিবে, তবে চাকরির নিশ্চয়তা বহন করবে না। চাকরির জন্য আপনাকে অবশ্যই ট্রেড-টেস্ট/যোগ্যতা প্রমাণের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে (ইতোমধ্যে যারা জর্ডান ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নেই)।

অনলাইন আবেদনের লিংক:- <https://brms.boesl.gov.bd/>

(অনলাইন আবেদন ফি বাবদ ১০০/- টাকা ও চার্জ পরিশোধ করতে হবে)

চূড়ান্তভাবে কর্মী নির্বাচন না হওয়া পর্যন্ত বোয়েসেল-কে কোন ফি প্রদান করতে হয় না।

সকল ফি/চার্জ ব্যাংকের মাধ্যমে প্রদান করতে হয়

Tania
২২-৬-২০২৬
মোসা. তানিয়া হক
সহকারী ব্যবস্থাপক
বোয়েসেল, ঢাকা

নু-এমং মারমা মং
উপ-মহাব্যবস্থাপক (বৈ.নি.)
বোয়েসেল, ঢাকা।

অফিস ঠিকানা :

প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)
৭১-৭২, ইফটন গার্ডেন
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

ISO 9001: 2015



যোগাযোগ নম্বর :

ফোন : +৮৮-০২-৫৮৩১৮৩৮, ৪৮৩১৯১২৫, ৪৮৩১৭৫১৫ (পিএবিএক্স)
ফ্যাক্স : +৮৮-০২-৯৩৩০৬৫২, +৮৮-০২-৫৮৩১-৬৫৭৭
ই-মেইল : info@boesl.gov.bd
ওয়েব : www.boesl.gov.bd